# শারহুল আক্বীদা আত্-ত্বহাবীয়া

বিভাগ/অধ্যায়ঃ ২৬. তিনি কারও প্রতিদ্বন্দ্বী এবং সমকক্ষ হওয়ার বহু উর্ধ্বে (وَهُوَ مُتَعَالٍ عَنِ الْأَضْدَادِ وَالْأَنْدَادِ)

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনে আবীল ইয আল-হানাফী (রহিমাহুল্লাহ)

---

তিনি কারও প্রতিদ্বন্দ্বী এবং সমকক্ষ হওয়ার বহু উর্ধ্বে।

ইমাম ত্বহাবী রহিমাহুল্লাহ বলেন, (**وَهُوَ مُتَعَالٍ عَنِ الْأَضْدَادِ وَالْأَنْدَادِ**) তিনি কারও প্রতিদ্বন্দ্বী এবং সমকক্ষ হওয়ার বহু উর্ধ্বে।

..............................................................

ব্যাখ্যা: الضد অর্থ হলো প্রতিদ্বন্দ্বী। আর الند অর্থ সমকক্ষ। আল্লাহ সুবহানাহু ওয়া তা‘আলার কোনো প্রতিদ্বন্দ্বী নেই। তিনি যা ইচ্ছা করেন, তাই হয়। আর যা তিনি ইচ্ছা করেন না, তা হয় না। তার কোনো সমকক্ষও নেই। আল্লাহ তা‘আলা সূরা ইখলাসে বলেন,

قل هواللَّهُ الأَحَدُ الصَّمَدُ الَّذِى لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ

“হে নাবী তুমি বলো! আল্লাহ একক, অমুখাপেক্ষী, তিনি কাউকে জন্ম দেননি। তিনি কারো থেকে জন্ম নেন নি এবং তার সমকক্ষও কেউ নেই”।

এখানে ইমাম ত্বহাবী রহিমাহুল্লাহ আল্লাহ তা‘আলার প্রতিদ্বন্দ্বী ও সমকক্ষ নাকোচ করার মাধ্যমে মুতাযেলাদের প্রতিবাদ করেছেন। কেননা তাদের ধারণা হলো, বান্দাই তার কর্ম সৃষ্টি করে।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=8902

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন